আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫৩৭ প্রকাশকালঃ২৯-০২-২০২৫ ইং

স্ত্রী কর্তৃক স্বামীকে তালাক প্রদানের বিধান

প্রশ্ন:

কোনো নারী তার স্বামীর কাছ থেকে তালাক প্রদানের ক্ষমতা পেয়ে স্বামীকে লক্ষ করে বললো, 'আমি তোমাকে তালাক দিলাম' এতে কি তালাক হবে?

-মুহাম্মাদ আরিফুর রহমান

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد

তালাক শরীয়ত কর্তৃক স্বামীর অধিকার। তালাকের ক্ষেত্র স্ত্রী। তাই তালাক একমাত্র স্বামী কর্তৃক স্ত্রীকেই দেয়া যায়, স্বামীকে নয়। হাঁ, স্বামী যদি তার স্ত্রীকে নিজের উপর তালাক গ্রহণের ইখতিয়ার দেন, তাহলে স্বামীর দেওয়া ইখতিয়ারের অনুকূলে স্ত্রী তালাক গ্রহণ করতে পারেন।

এর পদ্ধতি হলো, স্ত্রীর নিজের উপর তালাক গ্রহণ করা, স্বামীকে তালাক দেওয়া নয়। যেমন স্ত্রী এভাবে বলতে পারেন, 'আমি আমার স্বামীর প্রদত্ত ইখতিয়ারের ভিত্তিতে নিজের উপর এক তালাক গ্রহণ করলাম।'

এভাবে না করে স্ত্রী যদি স্বামীকে বলে, 'আমি তোমাকে তালাক দিলাম' যেমনটি প্রশ্নে উল্লেখিত হয়েছে, তাহলে স্বাভাবিক বিধান হলো এতে তালাক হবে না। তথাপি যদি বাস্তবে এমন ঘটনা ঘটে থাকে, তাহলে নিজেরা সিদ্ধান্ত না নিয়ে বিস্তারিত লিখিত প্রশ্নসহ কোনো নির্ভরযোগ্য ফতোয়া বিভাগের শরণাপন্ন হওয়া জরুরি। -মুসান্নাফ ইবনে আবি শায়বা: ৯/৫৮২ বর্ণনা নং: ১৮৩৯৩ (দারুল কিবলা); মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬/৫২১ বর্ণনা নং: ১১৯১৮ (আল মাজলিসুল ইলমী); কিতাবুল আসল: ৪/৫৯০ (দারু ইবনি হাযম); রদ্দুল মুহতার: ৩/৩২৫ (দারুল ফিকর); হাশিয়াতুত তহতাবী আলাদ দুররিল মুখতার:

৪/৫০২ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ১/৩৯১ (দারুল ফিকর); ফাতাওয়া কাজী খান: ১/৩২৪ (আল-মাকতাবাতুল আশরাফিয়্যাহ)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৩-০৮-১৪৪৬ হি.

১৩-০২-২০২৫ ঈ.